

যদি মনে বা সন্দেহ করেন যে, এরই মধ্যে আপনার সাথে একক ঘটেছে
(অথবা ঘটবে) তাহলে আপনার জানাশোনা একটি পরিষেবা [Service] অথবা
সংস্থার [Organisation] অভিজ্ঞ পেশাজীবী ব্যক্তিদের সাথে
আজাই যোগাযোগ করুন।

অথবা ফোন করুন:-



মানব পাচার সম্পর্কিত তথ্যের জন্য সাহায্যের লাইন [Resource Line]
A21- গ্রীক [Greek], ইংরেজি [English] সহ 200 টি ভাষায় অ্যাক্সেস [access]
সহ টেলি-ইন্টারপ্রেটিং [teleinterpreting] পরিষেবা - 24 ঘন্টা খোলা

ইমেইলঃ info@1109.gr



মহিলাদের উপরে নির্যাতনের (সহিংসতার) বিরুদ্ধে এসওএস
হটলাইন [SOS Hotline]
জনসংখ্যা ও পারিবারিক নীতি সম্পর্কিত এবং লিংগ সমতার জন্য
জেনারেল সেক্রেটারিয়েট [General Secretariat] - 24 ঘন্টা খোলা

ইমেইলঃ sos15900@isotita.gr



জরুরী সামাজিক সহায়তা লাইন
ন্যাশনাল সেন্টার ফর সোশ্যাল সলিডারিটি
[National Centre for Social Solidarity] - 24 ঘন্টা খোলা

ইমেইলঃ epikoinonia@ekka.org.gr

অথবা পুলিশকে কল করুন:



হেলনিক পুলিশ [Hellenic Police] -24 ঘন্টা খোলা



মানব
পাচার - HUMAN
TRAFFICKING



European Union
Internal Security Fund



আপনাকে কি কোন মজুরি ছাড়া অথবা অল্প বেতনে কাজ করতে বাধ্য করা হয়েছে ?

আপনি কি আপনার ক্লায়েন্ট [clients] নির্বাচন করতে না পেরে ,আপনার বেতন রেখে বা ছেড়ে যেতে সক্ষম না হয়ে যৌন পরিষেবা দিয়েছেন ?
আপনি কি ভয় পাচ্ছেন কিন্তু আপনি যেতে পারবেন না ?

আপনি কি ইচ্ছার বিরুদ্ধে এমন কিছু করতে বাধ্য হচ্ছেন যা আপনি করতে চান না এবং ভয় পাচ্ছেন যে পুলিশ আপনাকে গ্রেফতার করতে পারে ?

কেউ কি আপনাকে চাকুরীর প্রস্তাব দিয়েছে-(কৃষি,কার্লশিল্প,গৃহকর্ম,যৌন পরিষেবা ইত্যাদি ক্ষেত্রে),আপনি তা গ্রহণ করেছেন কিন্তু শেষ পর্যন্ত তারা আপনাকে খুব খারাপ পরিস্থিতিতে সম্পূর্ণভিন্ন কাজ করতে বাধ্য করছে ?

আপনি কি এমন কিছু করতে বাধ্য হচ্ছেন যা আপনি করতে চান না,
কেননা কেউ আপনাকে কিছু অর্থ পরিশোধ করতে বলেছে ?



HUMAN TRAFFICKING - মানব পাচার একটি গুরুতর অপরাধ।এর মানে হলো কোন একজন ব্যক্তি অন্য কাউকে তার উদ্দেশ্য হাসিল করার জন্যে শোষণ করে ,
তাকে এমন কিছু করতে বলে যা তারা করতে চায় না , উদাহরণস্বরূপ , যৌন পরিষেবা দেওয়া,ভিক্ষা করা,নেশাজাত দ্রব্যাদি বিক্রি করা,চুরি করা বা খুব খারাপ পরিস্থিতিতে কাজ করা ।

যদি কেউ আপনাকে জোর জবরদস্তি করে, অথবা ছুমকি দেয় অথবা বা অন্য কোন উপায়ে আপনাকে উপরের যে কোন একটা কাজ করতে বাধ্য করে,
তাহলে আপনি সুরক্ষা ও সাহায্য চাইতে পারেন।

আপনার এ পরিস্থিতির জন্য আপনি দায়ী ননঃ

পাচারকারীরা ভুক্তভোগীদের বিশ্বাস করতে বাধ্য করে যে ঘেহেতু তারা সম্মত হয়েছে তাই তাদেরকে যা বলা হবে তা করতে হবে।

আপনি কখনই আপনাকে শোষণে সম্মত হননিঃ

কেউ আপনাকে শোষণ করার জন্যে চেষ্টা করতে পারে,আপনাকে বলতে পারে যে,তাদের জন্য কাজ করা ছাড়া আপনার অন্য কোন উপায় নেই। আপনার “না ” বলার (প্রত্যাখ্যান করার) অধিকার আছে। এমনকি যদি আপনি রাজি হতে বাধ্য হন, তাহলে চুক্তিটি বৈধ থাকবে না। পাচারকারীরা প্রায়শই বলে যে আপনাকে তাদের জন্য কাজ করে একটা বড় অঙ্কের টাকা পরিশোধ করতে হবে। আপনার এমন কোন বাধ্যবাধকতা নেই।

আপনাকে যারা পাচার করেছে তারা এতটা শক্তিশালী নয়ঃ

এমন পরিষেবা [Services] এবং সংস্থা [Organisations] রয়েছে,যারা আপনাকে রক্ষা করতে পারে,যেখানে পাচারকারীরা আপনাকে খুঁজে পেতে সক্ষম হবে না। যদি আপনি তাদের বিরুদ্ধে পুলিশে নালিশ করার সিদ্ধান্ত নেন,সেখানে আপনার সুরক্ষার জন্য নিয়ম (বিধান) রয়েছে ।

মানব পাচারে ভোক্তভোগীকে আইন সুরক্ষা করেঃ

মানব পাচারের শিকার ব্যক্তিদের আইনী সুরক্ষা পাওয়ার অধিকার আছে এবং তাদেরকে সুরক্ষা দেওয়া যেতে পারে।

আপনাকে বাধ্য করা হয়েছিল এমন কোন বে-আইনী কাজের জন্যে আপনাকে শাস্তি পেতে হবে না।

একজন পেশাদার ব্যক্তি আপনার অধিকার ব্যাখ্যা করতে পারেন, যেমন নিরাপদ আশ্রয় এবং প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের পদ্ধতিগুলি সম্পর্কে।